# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 31.05.2024** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা নির্বাচনের সপ্তম ও চূড়ান্ত দফায় রাজ্যের ৯ টি সহ ৫৭ টি আসনে আগামীকালের ভোটগ্রহণের সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে ৯৬৭ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকছে ৩৩ হাজারের বেশি রাজ্য পুলিশ।

এই দফায় ১২৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হবে।

২) নির্বাচন কমিশন ভাঙড়ের চালতাবেরিয়া গ্রামে বোমা ফেটে সাতজনের আহত হওয়ার ঘটনায় জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে।

৩) সপ্তম দফা ভোটের দিনেও কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস।

৪) তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক কলকাতা পুরসভার পূর্বতন ডেপুটি মেয়র ইকবাল আহমেদ প্রয়াত।

----------------------------------------------------------------------------------------------------

-

লোকসভা নির্বাচনের সপ্তম ও চূড়ান্ত দফায় আগামীকাল পশ্চিমবঙ্গের ৯ টি সহ ৫৭ টি আসনে ভোটগ্রহণ শুরু হবে সকাল সাতটায়। চলবে সন্ধ্যা ৬ টা পর্যন্ত।

দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ড হারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ কেন্দ্রে এক কোটি ৬৩ লক্ষ্য ৪০ হাজারেরও বেশি ভোটদাতা ২৩ জন মহিলা সহ ১২৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও আগামীকাল ভোট।

অবাধ ও সুষ্ঠু ভোট গ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। এই দফায় নিরাপত্তার দায়িত্বে থাকছে ৯৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। পাশাপাশি রাজ্য পুলিশের সংখ্যা ৩৩ হাজারের সামান্য বেশি।

সপ্তম দফার ভোটপর্ব নিয়ে একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

এদিকে, ভোটের আগে দক্ষিণ ২৪ পরগণার বালিয়ারা গ্রামে বোমা ফেটে এক শিশু সহ সাত জনের আহত হওয়ার ঘটনার পর আজও ভাঙ্গরের চালতাবেরিয়া গ্রামে বোমা পাওয়ার ঘটনায় নির্বাচন কমিশন জেলা প্রশাসনের কাছে রিপোর্ট তলব করেছে। আগামী কাল ভোটের আগে যে কোনো রকমের অশান্তি এড়াতে ভোটারদের সুরক্ষায় কমিশনের তরফে সব ধরনের ব্যবস্থা নেওয়ার পাশাপাশি সন্ধ্যে থেকেই ওই এলাকায় কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চ চলেছে।

এদিকে, দক্ষিন ২৪ পরগনা জেলায় চারটি আসনে দুর্যোগ মাথায় করেই চলেছে শেষ দফার ভোটের প্রস্তুতি। আমাদের সংবাদাদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

উত্তর ২৪ পরগণা জেলার তিনটি আসনে ভোটের প্রস্তুতি কেমন চলেছে, তা জানাচ্ছেন আমাদের সংবাদদাতা।

ভয়েসকাস্ট

এদিকে ভোটের কাজের জন্য বিভিন্ন রুটের বাস তুলে নেওয়ায় নিত্যযাত্রীরা চরম সমস্যায় পড়েছেন। শহর ও শহরতলীর রাস্তায় বাস প্রায় নেই বললেই চলে। পথে বেরনো মানুষজনকে ঘন্টার পর ঘন্টা বাসের জন্য অপেক্ষা করতে হচ্ছে।

----------------------------

আগের দফাগুলির মত শেষ দফার ভোটও শান্তিপূর্ণ হবে বলে বিজেপির পক্ষ থেকে আশা প্রকাশ করা হচ্ছে। সপ্তম দফার ভোটে যেকোনো ধরনের অভিযোগ জানাতে দলের পক্ষ থেকে একটি হেল্পলাইন চালু করা হয়েছে। হুগলী লোকসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস কর্মীদের কাউন্টিং এজেন্ট হিসাবে নিয়োগ করা হচ্ছে বলে দলের সাধারণ সম্পাদক, জেলাশাসককে লেখা এক চিঠিতে অভিযোগ করেছেন। দলের পক্ষ থেকে অবিলম্বে ঐ এজেন্টদের বদল করারও দাবি জানানো হয়েছে।

শেষ দফার ভোটে তৃণমূল কংগ্রেস সন্ত্রাসের চেষ্টা করবে বলে কংগ্রেস আশঙ্কা প্রকাশ করেছে। তবে নির্বাচন কমিশনের তৎপরতার ফলে তা কাটিয়ে ওঠা যাবে বলেও দল আশাবাদী।

শাসকদল অবশ্য বিজেপি ও কংগ্রেস দুদলের অভিযোগ খারিজ করে দিয়েছে।

----------------------------

সপ্তম দফার ভোট নিয়ে আগামীকাল শুনবেন রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগীর বার্তা এবং আবেদন। শোনা যাবে রাত ৯ টা ৪৫এ - মেগাহার্টজ প্রচারতরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়। ১০৭ গীতাঞ্জলী ও আমাদের সোশ্যাল মিডিয়া পেজেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান। প্রযোজনায় সুস্মিতা মন্ডল।

----------------------------

সপ্তম দফা ভোটের দিনেও আগামীকাল কলকাতা ও দুই ২৪ পরগণায় বৃষ্টির পূর্বাভাস দিয়ে ছে আবহাওয়া দপ্তর।

দক্ষিণবঙ্গের জেলাগুলিতেও গতরাত থেকেই দফায় দফায় বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টি হচ্ছে। তবে এই বৃষ্টি বর্ষার নয় বলেই আলিপুর আবাহওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন,

বাইট

অন্যদিকে, নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে বর্ষার অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় উত্তরবঙ্গে বৃষ্টি হচ্ছে। আগামী সপ্তাহে সেখানে বর্ষা প্রবেশ করার সম্ভাবনা। বুধবার ৫ ই জুন পর্যন্ত দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং, আলিপুরদুয়ার ও কোচবিহারের পাশাপাশি দুই দিনাজপুর ও মালদাতেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

এদিকে বৃষ্টিতে অসহ্য ভ্যাপসা গরমের হাত থেকে বেশ কিছুটা রেহাই মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৮ দশমিক ৩ ডিগ্রি নীচে। সকালের সর্বনিম্ন তাপমাত্রাও ছিল ২৩ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় ৪ দশমিক ১ ডিগ্রি কম। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৬৮ দশমিক ৭ মিলিমিটার।

----------------------------

শিলিগুড়ি পুর এলাকায় পানীয় জলের তীব্র সঙ্কটের প্রেক্ষিতে সেখানকার বাসিন্দারা চরম দুর্ভোগে পড়েছেন। শহর জুড়ে জলের জন্য হাহাকার। পানীয় জল জোগাড় করতে হিমশিম খেতে হচ্ছে বাসিন্দাদের, ভরসা করতে হচ্ছে কেনা জলের ওপর। সুযোগ বুঝে অসাধু ব্যবসায়ীরাও কালোবাজারি শুরু করেছে।

পুরসভার পক্ষ থেকে রবিবার ২’তারিখ বিকেলের মধ্যে জলের সমস্যা মিটবে বলে জানানো হলেও, কবে পরিস্থিতি স্বাভাবিক হবে, তা’ নিয়ে সন্দিহান সকলেই।

শিলিগুড়ির মেয়র গৌতম দেব আজ জলের সমস্যা খতিয়ে দেখতে বিভিন্ন ওয়ার্ড ঘুরে দেকেন। পরে এক সাংবাদিক বৈঠকে, পানীয় জলের এই সঙ্কটের জন্য পূর্বতন বাম সরকারকেই দায়ী করে তিনি অবশ্য বলেন, বর্তমান প্রশাসনও এর দায় এড়াচ্ছে না। পুরসভার পক্ষ থেকে বিকল্প সমস্ত বন্দোবস্ত করা হয়েছে। কিন্তু তারপরেও যেভাবে এই নিয়ে রাজনীতি করা হচ্ছে, তা নক্কারজনক বলে মেয়রের দাবি।

এদিকে, এই জলসঙ্কটের প্রতিবাদে বিজেপি ও বামফ্রন্টের পক্ষ থেকে আজ শিলিগুড়ি পুরসভার সামনে বিক্ষোভ দেখানো হয়।

----------------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর থানা এলাকায় চুরির অপবাদে এক নাবালককে পিটিয়ে মারার ঘটনায় স্থানীয় আশ্রমের মাতাজী সহ ৫ জনকে  পুলিশ গ্রেপ্তার করে। তাদের আজ বারুইপুর আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। মাতাজীকে জেরা করেই আশ্রমের বাকি চারজনকে গ্রেপ্তার করে পুলিশ।

----------------------------

রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্স (এসটিএফ) হুগলীর চন্ডীতলা থানা এলাকায় দুর্গাপুর এক্সপ্রেসওয়ের ওপর একটি ট্রাক ও কন্টেনার থেকে সাড়ে ৯ হাজার বোতল মাদক মিশ্রিত কাফ সিরাপ বাজেয়াপ্ত করেছে। এর বাজার দর এক কোটি ২৫ লক্ষ টাকার বেশি। গাড়ি দুটিকে বাজেয়াপ্ত ও দুই পাচারকারীকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত প্রেমচাঁদ যাদব হাওড়ার এবং হরিজি সিং বিহারের আরা জেলার বাসিন্দা। তাদের আজ চুঁচুড়া আদালতে তোলা হলে, ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

---------------------------

তৃণমূল কংগ্রেসের প্রাক্তন বিধায়ক তথা কলকাতা পুরসভার প্রাক্তন ডেপুটি মেয়র ইকবাল আহমেদ প্রয়াত হয়েছেন। তার বয়স হয়েছিল আটষট্টি বছর। তিনি দীর্ঘদিন ধরেই ডায়াবেটিক রোগে ভুগছিলেন। আজ তার জীবনাবসান হয় বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। প্রশাসনিক দায়িত্বের পাশাপাশি তিনি কলকাতা ময়দানের খেলাধুলার সঙ্গেও যুক্ত ছিলেন।

--------------------------- ---------------------------